রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ১, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ/৩১ মার্চ, ২০২১ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং-৮৫-আইন/২০২১।**—নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ (২০০০ সনের ৮নং আইন) এর ধারা ২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত টেবিলের কলাম (২) এ উল্লিখিত নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল গঠন করিল এবং উহাদের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এলাকাকে উহাদের স্থানীয় অধিক্ষেত্র হিসাবে নির্ধারণ করিল, যথা :—

টেবিল

| ক্রমিক নং | ট্রাইব্যুনালের নাম | স্থানীয় অধিক্ষেত্র |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, চাঁপাইনবাবগঞ্জ | সমগ্র চাঁপাইনবাবগঞ্জ জেলা। |
| ২। | নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, নড়াইল | সমগ্র নড়াইল জেলা। |
| ৩। | নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, রাঙ্গামাটি | সমগ্র রাঙ্গামাটি জেলা। |
| ৪। | নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, বান্দরবান | সমগ্র বান্দরবান জেলা। |
| ৫। | নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ঝালকাঠি | সমগ্র ঝালকাঠি জেলা। |
| ৬। | নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, পঞ্চগড় | সমগ্র পঞ্চগড় জেলা। |

২। এই প্রজ্ঞাপন জারির অব্যবহিত পূর্বে বর্ণিত জেলাসমূহের নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত কোনো মামলা অন্য কোনো আদালতে বিচারাধীন থাকিলে, উক্ত মামলা এই প্রজ্ঞাপন জারির ৩০ (ত্রিশ)


মূল্য : টাকা ৪.০০

কার্য দিবসের মধ্যে এই প্রজ্ঞাপনের টেবিলের কলাম (৩) এ উল্লিখিত স্থানীয় অধিক্ষেত্রসম্পন্ন কলাম (২) এ উল্লিখিত নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে স্থানান্তরিত হইবে।

৩। দফা ২ এর অধীন স্থানান্তরিত কোনো মামলা যে পর্যায় হইতে স্থানান্তরিত হইবে সেই পর্যায় হইতে উক্ত মামলার বিচারকার্য পরিচালিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহরিয়ার মাহমুদ আদনান**
সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.